মেহেরপুরে ভৈরব সাহিত্য সাংস্কৃতিক চত্বরের মাসিক সাহিত্য বাসর

মেহেরপুরের অন্যতম সাহিত্য ও সাংস্কৃতিক সংগঠন ভৈরব সাহিত্য সাংস্কৃতিক চত্বরের উদ্যোগে মাসিক সাহিত্য বাসর অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শনিবার বিকেলে মেহেরপুর প্রেসক্লাব মিলনায়তনে আয়োজিত এ সাহিত্য বাসরে সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি আলহাজ্ব অ্যাড. এম. আনোয়ার হোসেন।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভৈরব সাহিত্য সাংস্কৃতিক চত্বরের সিনিয়র সহ-সভাপতি ডা. এম. এ. বাশার, সহ-সভাপতি রফিকুল আলম এবং সহ-সভাপতি নুরুল আহমেদ।

সাধারণ সম্পাদক মেহের আমজাদের সঞ্চালনায় বক্তব্য রাখেন সংগঠনের সাবেক সাধারণ সম্পাদক সায়েদুর রহমান সাজু, শিক্ষক ও কবি মো. আনিছুর রহমান, নির্বাহী কমিটির সদস্য নিলুফার বানু, মো. শাহজাহান ও সমাজকর্মী দিলারা পারভীন প্রমুখ।

সাহিত্য বাসরে কবিতা পাঠ করেন কবি রফিকুল আলম, ম. গোলাম মোস্তফা, মেহের আমজাদ, এস. এম. এ. মান্নান, আবুল হাসেম, রফিকুল ইসলাম, ডা. মহিবুল ইসলামসহ অনেকে।

অনুষ্ঠানে কবি, লেখক ও সংস্কৃতিকর্মীদের প্রাণবন্ত অংশগ্রহণে মিলনায়তন মুখরিত হয়ে ওঠে।

মেহেরপুরে শীতার্তদের মাঝে

এনসিপির কম্বল বিতরণ

মেহেরপুরে শীতার্ত ও সুবিধাবঞ্চিত মানুষের মাঝে কম্বল বিতরণ করেছে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)। তীব্র শীতের কনকনে ঠান্ডায় অসহায় মানুষের পাশে দাঁড়াতে এনসিপির উদ্যোগে গতকাল শনিবার এ কম্বল বিতরণ কর্মসূচি অনুষ্ঠিত হয়।

এনসিপির মেহেরপুর জেলার যুগ্ম-সমন্বয়কারী আরিফ খানের সভাপতিত্বে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কম্বল বিতরণ করেন দলের কেন্দ্রীয় যুগ্ম মুখ্য সমন্বয়ক ও মেহেরপুর জেলার প্রধান সমন্বয়কারী অ্যাডভোকেট সাকিল আহমাদ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় যুব শক্তির কেন্দ্রীয় সংগঠক মোঃ সাজেদুর রহমান এবং মুজাহিদুল ইসলাম।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন এনসিপির যুগ্ম-সমন্বয়কারী আশিক রাব্বি, মোঃ তামিম ইসলাম, হাসনাত জামান সৈকত, তৌহিদ রবিন, আমির হামজা সহ অন্যান্য নেতৃবৃন্দ।

নেতৃবৃন্দ জানান, মানুষের দুঃসময়ে তাদের পাশে থাকা এনসিপির অঙ্গীকার। শীতের এই দুর্দিন কাটানো পর্যন্ত অসহায় মানুষের মাঝে সহায়তা প্রদান অব্যাহত থাকবে বলেও জানান তারা।

মেহেরপুর জেলা এপেক্স ক্লাবের কমিটি গঠন

২০২৬ সালের জন্য মেহেরপুর জেলা এপেক্স ক্লাবের জেলা কমিটি গঠন করা হয়েছে। গতকাল শনিবার দুপুর ১২টার দিকে মেহেরপুর জেলা প্রেসক্লাবে বার্ষিক সাধারণ সভায় এ কমিটি ঘোষণা করা হয়। মেহেরপুর ও চুয়াডাঙ্গা এপেক্স ক্লাবের যৌথ আয়োজনে বার্ষিক এজিএম অনুষ্ঠিত হয়।

জুলফিকার আলী ভুট্টোর সভাপতিত্বে এবং বর্তমান সভাপতি রফিকুল আলম

বকুলের সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. শেখ বখতিয়ার উদ্দীন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সন্ধানী সংস্থার নির্বাহী পরিচালক আবু জাফর, জেলা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক ও মেহেরপুর প্রতিদিনের ব্যবস্থাপনা সম্পাদক মাহবুব চান্দু, এপেক্স বাংলাদেশের জাতীয় কমিটির ন্যাশনাল এক্সটেনশন ডিরেক্টর এপেক্সিয়ান শাহনাজ পারভীন সেতু এবং চুয়াডাঙ্গা এপেক্স ক্লাবের সভাপতি অ্যাডভোকেট বদরুদ্দীন।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন গেস্ট অব অনার এপেক্স ক্লাব ডিস্ট্রিক্ট-০৬ এর ডিজি অ্যাডভোকেট আমির হামজা।

প্রধান অতিথির বক্তব্যে মেহেরপুর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. শেখ বখতিয়ার উদ্দীন বলেন, স্বেচ্ছাসেবী সংগঠন বা ভালো কাজ করতে হলে নিজেকে ভালো হতে হবে। পরিবার থেকেই ভালো কাজের উদাহরণ তৈরি করতে হবে। সমাজে কম সুবিধাপ্রাপ্ত মানুষের পাশে দাঁড়াতে হবে। পরিবার, সমাজ ও রাষ্ট্র আমাদের অনেক দিয়েছে এখন আমাদেরই সমাজ ও রাষ্ট্রের জন্য কাজ করতে হবে।

তিনি এপেক্সের তিনটি মূলমন্ত্র সার্ভিস, সিটিজেনশিপ ও ফেলোশিপ স্মরণ করে এপেক্সিয়ানদের সমাজ উন্নয়নে আরও সক্রিয় ভূমিকা রাখার আহ্বান জানান। একই সঙ্গে পরিবেশের জন্য মারাত্মক ক্ষতিকর পার্থেনিয়াম গাছের অপকারিতা তুলে ধরে এ গাছ নির্মূলে সামাজিক আন্দোলন গড়ে তোলার আহ্বান জানান।

আলোচনা শেষে দ্বিতীয় পর্বে ডিনার মিটিং, ডিরেক্টর রিপোর্ট, ক্লাব স্কুলিং ও ক্লাব নির্বাচন অনুষ্ঠিত হয়। নির্বাচনে এপেক্স ক্লাব অব মেহেরপুরের ২০২৬ সালের জন্য সভাপতি হিসেবে বিশিষ্ট সংগঠক জুলফিকার আলী ভুট্টো এবং সাধারণ সম্পাদক হিসেবে তরুণ সংগঠক নাফিউল ইসলাম নির্বাচিত হন। পরবর্তীতে ১১ সদস্যের নতুন জেলা কমিটি গঠন করা হয়।

যেকোনো মূল্যে জুলাই সনদ এবং গণভোট আদায় করতে হবে

বাংলাদেশ ছাত্রশিবিরের কেন্দ্রীয় সেক্রেটারি জেনারেল নুরুল ইসলাম (সাদ্দাম) বলেছেন, আগামী নির্বাচনে ফ্রী ফেয়ার ইলেকশন না হলে জুলাইয়ের বিপ্লবের আশা-আকাঙ্ক্ষা পূরণ হবে না। যেকোনো মূল্যে জুলাই সনদ এবং গণভোট এই সরকারের আমলে ছাত্র-জনতার পক্ষে আদায় করতে হবে। একটি পক্ষ মনে করে আমরা ক্ষমতায় চলে গেছি এবং কিছু প্রশাসনের লোকজন তাদেরকে সহযোগিতা করছে বলে মনে হচ্ছে। ইসলামী ছাত্রশিবির যেকোনো মূল্যে জুলাই বিপ্লবের ধারক এবং বাহক হিসেবে কাজ করে যাবে।

আজ শনিবার (১৫ই নভেম্বর) সকাল সাড়ে ৮টার সময় পৌর কমিউনিটি সেন্টারে মেহেরপুর ইসলামী ছাত্রশিবিরের উদ্যোগে এক সুধী সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি।

তিনি আরও বলেন, ইসলামী ছাত্রশিবির প্রত্যেকটা ছাত্রের কল্যাণের জন্য কাজ করে। আগামীতে বাংলাদেশের প্রত্যেকটা শিক্ষা প্রতিষ্ঠানে ইসলামী ছাত্রশিবিরের ভূমিধস বিজয় হবে ইনশাআল্লাহ। এবং সুখবর হলো আগামীতে অভিভাবকেরা ইসলামী ছাত্রশিবিরের হাতে তাদের সন্তানদের তুলে দেবেন, কারণ ইসলামী ছাত্রশিবির কোনো নেশাখোর বা গাঁজাখোর তৈরি করে না; তাদের হাতে বই, কলম এবং গানের ভান্ডার তুলে দেয়। মেহেরপুরে ইসলামী ছাত্রশিবিরের ব্যাপক কল্যাণমূলক কাজ চলছে, সেই কাজগুলো এগিয়ে নেওয়ার জন্য আপনাদের সহযোগিতা করতে হবে।

সমাবেশের সভাপতিত্ব করেন মেহেরপুর ইসলামী ছাত্রশিবিরের সভাপতি মোঃ আব্দুস সালাম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য প্রার্থী ও জেলা জামায়াতের আমীর তাজউদ্দিন খান, জেলা সেক্রেটারি মোঃ ইকবাল হুসাইন, সদর উপজেলা আমীর সোহেল রানা, মুজিবনগর উপজেলা আমীর খান জাহান আলী, পৌর সূরা ও কর্মপরিষদের সদস্য ডাক্তার আব্দুস সালাম, ছাত্রশিবিরের সাবেক জেলা সভাপতি ও জেলা আদর্শ শিক্ষক ফেডারেশন সভাপতি আলামিন ইসলাম বকুল, সদর উপজেলা সেক্রেটারি মাস্টার জাব্বারুল ইসলাম, মুজিবনগর উপজেলা সেক্রেটারি খাইরুল বাশার, মেহেরপুর ইসলামী ছাত্রশিবিরের জেলা সেক্রেটারি মোঃ সাইদুর রহমান প্রমুখ।

মেহেরপুরে পৌর বিএনপির দক্ষিণ শাখা কার্যালয়ের উদ্বোধন

মেহেরপুর পৌর বিএনপির দক্ষিণ শাখার নতুন কার্যালয়ের উদ্বোধন করা হয়েছে। গতকাল শুক্রবার সন্ধ্যায় শহরের ভূমি অফিসপাড়ায় আয়োজিত অনুষ্ঠানের মাধ্যমে কার্যালয়টির আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, সাবেক সংসদ সদস্য ও বিএনপি মনোনীত প্রার্থী মাসুদ অরুণ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, পৌর বিএনপি’র সাবেক সভাপতি ও সাবেক ভিপি জাহাঙ্গীর বিশ্বাস। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন, পৌর বিএনপির সাবেক সহ-সভাপতি এম. এ. বারি ফারুক।

এছাড়াও উপস্থিত ছিলেন, সাবেক সহ-সভাপতি এ. কে. এম. খাইরুল বাশার, সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম, জেলা বিএনপি’র সাবেক সাংগঠনিক সম্পাদক আব্দুর রহিম, জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদ, পৌর যুবদলের ৯ নম্বর ওয়ার্ডের সভাপতি লিজন, পৌর ছাত্রদলের সভাপতি তৌফিক এলাহীসহ অন্যান্য নেতৃবৃন্দ।

উদ্বোধনী অনুষ্ঠানে বক্তারা বলেন, নতুন কার্যালয়টি পৌর বিএনপি’র সাংগঠনিক কর্মকাণ্ড আরও বেগবান করবে। আসন্ন রাজনৈতিক কার্যক্রমকে শক্তিশালী ও গতিশীল করতে সকল নেতাকর্মীকে ঐক্যবদ্ধ থাকার আহ্বান জানান তারা।

উদ্বোধন শেষে দোয়া ও মোনাজাতের মাধ্যমে অনুষ্ঠানের সমাপ্তি হয়।

নভেম্বরে গণভোটসহ ৫ দাবিতে মেহেরপুরে জামায়াতের বিক্ষোভ মিছিল

জুলাই সনদ বাস্তবায়নের আদেশ জারি, নভেম্বরের মধ্যে গণভোট আয়োজনসহ পাঁচ দাবিতে মেহেরপুরে বিক্ষোভ সমাবেশ ও মিছিল করেছে জামায়াতে ইসলামী।

আজ শুক্রবার বিকেল ৪টায় কোর্টচত্বর থেকে শুরু হয়ে মিছিলটি প্রধান সড়ক প্রদক্ষিণ করে কাথুলী বাসস্ট্যান্ডে গিয়ে শেষ হয়। বিক্ষোভ মিছিলে নেতৃত্ব দেন, মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য পদপ্রার্থী ও জেলা জামায়াতের আমীর তাজ উদ্দিন খান।

বিক্ষোভ মিছিলে জেলা জামায়াতের সেক্রেটারি মোঃ ইকবাল হুসাইন, মেহেরপুর-২ আসনে জামায়াত মনোনীত সংসদ সদস্য পদপ্রার্থী ও জেলা শুরা এবং কর্মপরিষদের সদস্য মোহাম্মদ নাজমুল হুদা, গাংনী উপজেলা আমীর ডাক্তার রবিউল ইসলাম, সদর উপজেলা আমীর সোহেল রানা, মুজিবনগর উপজেলা আমীর খান জাহান আলী, শ্রমিক কল্যাণ ফেডারেশনের জেলা সভাপতি আব্দুর রউফ মুকুল, সদর উপজেলা সেক্রেটারি মাস্টার জাব্বারুল ইসলাম, মুজিবনগর উপজেলা সেক্রেটারি মোঃ খাইরুল বাশার, মেহেরপুর ইসলামী ছাত্রশিবিরের সভাপতি আব্দুস সালাম, মেহেরপুর কানন শিল্পী গোষ্ঠীর পরিচালক আব্দুল জব্বারসহ জামায়াতের বিভিন্ন ইউনিটের সভাপতি, সেক্রেটারিগণ ও অসংখ্য মানুষ এই বিক্ষোভ মিছিলে অংশগ্রহণ করেন।

মেহেরপুরে প্রেমিকের সঙ্গে ঘুরতে গিয়ে কলেজ ছাত্রীকে

গণধর্ষণ, দুই যুবক আটক

মেহেরপুরে প্রেমিকের সঙ্গে ঘুরতে গিয়ে এক কলেজ ছাত্রী গণধর্ষণের শিকার হয়েছেন।

গত বুধবার সন্ধ্যায় সদর উপজেলার রাজাপুর গ্রামের মাঠে এ নৃশংস ঘটনাটি ঘটে। এ ঘটনায় জড়িত থাকার অভিযোগে দুই যুবককে আটক করেছে পুলিশ। আরেক অভিযুক্ত এখনও পলাতক রয়েছে।

আটকরা হলেন— মেহেরপুর সদর উপজেলার রাজাপুর গ্রামের আফতাব আলীর ছেলে আশরাফুল ইসলাম এবং জুমাত আলীর ছেলে রাকিবুল ইসলাম। পলাতক অভিযুক্ত মিনারুল একই গ্রামের নজরুল ইসলামের ছেলে।

পুলিশ জানায়, ঘটনার রাতেই ভুক্তভোগী কলেজছাত্রী নিজে বাদী হয়ে তিনজনকে আসামি করে ধর্ষণের মামলা দায়ের করেছেন। পরদিন বৃহস্পতিবার দুপুরে অভিযান চালিয়ে আশরাফুল ও রাকিবুলকে আটক করে। আজ শুক্রবার তাদের কারাগারে পাঠানো হয়েছে।

মামলার এজাহারে বলা হয়, গত বুধবার বিকেলে মেহেরপুর সরকারি মহিলা কলেজের এইচএসসি পরীক্ষার্থী ওই ছাত্রী তার প্রেমিকের সঙ্গে মোটরসাইকেলযোগে শহরের বিভিন্ন স্থানে ঘুরতে বের হন। সন্ধ্যার পর তারা রাজাপুর গ্রামের মাঠের রাস্তা দিয়ে যাওয়ার সময় তিন যুবক তাদের গতিরোধ করে। একপর্যায়ে প্রেমিকের গলায় ধারালো অস্ত্র ঠেকিয়ে তাকে পাশের ইউপি সদস্য চঞ্চলের ভাটার পেছনের আমবাগানে নিয়ে যায় তারা। সেখানে ২০ হাজার টাকা চাঁদা দাবি করা হয়। টাকা না দিলে দু’জনকে বিবস্ত্র করে ছবি ছড়িয়ে দেওয়ার হুমকি দেওয়া হয়।

চাপে পড়ে প্রেমিক তার প্রেমিকাকে তাদের কাছে রেখে টাকা আনতে মেহেরপুর শহরের দিকে চলে যান। টাকা নিয়ে ফিরে এসে তিনি দেখতে পান প্রেমিকা কান্নাকাটি করছেন। পরে ছাত্রী জানান, তিন যুবক তাকে জোরপূর্বক ধর্ষণ করেছে। এরপর প্রেমিক স্থানীয় লোকজনকে খবর দিলে তারা এসে মেয়েটিকে উদ্ধার করে।

মেহেরপুর সদর থানার ওসি (অপারেশন) জাহাঙ্গীর সেলিম বলেন, “ভুক্তভোগী নিজে বাদী হয়ে মামলা করেছেন। ঘটনার সঙ্গে জড়িত দুইজনকে গ্রেপ্তার করা হয়েছে। পলাতক আসামিকে ধরতে পুলিশের অভিযান চলছে। ভুক্তভোগীর মেডিকেল পরীক্ষা সম্পন্ন হয়েছে।”

নভেম্বরের মধ্যে গণভোট দিতে হবে

বাংলাদেশ জামায়াতে ইসলামীর ইমারতের নির্বাচন ইতিমধ্যে সম্পন্ন হয়েছে। ২০২৬-২৭-২৮ সালের জন্য বাংলাদেশ জামায়াতে ইসলামীর নতুন আমির নির্বাচিত হয়েছেন ড. শফিকুর রহমান। এটি জামায়াতের সাংগঠনিক নিয়মনীতি অনুযায়ী অনুষ্ঠিত নির্বাচন।

জামায়াতের সেশন শেষ হলে আমাদের নির্বাচন অনুষ্ঠিত হয়, যেখানে নতুন আমির নির্বাচিত হন। নতুন আমির নির্বাচনের পর আমাদের পরবর্তী ধাপ হলো কেন্দ্রীয় মজলিস গঠন যা জামায়াতের অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি পদ ও স্থান। মজলিস নির্বাচন হওয়ার কারণে আজ আমি মেহেরপুর সফর করেছি।

গতকাল বৃহস্পতিবার বিকেল সাড়ে ৩টার সময় মেহেরপুর শহরের পশুহাটসংলগ্ন চুয়াডাঙ্গা রোডে জেলা জামায়াতে ইসলামীর অফিসে এক সংবাদ সম্মেলনে কেন্দ্রীয় নির্বাহী পরিষদ সদস্য ও অঞ্চল পরিচালক (যশোর-কুষ্টিয়া) মোবারক হোসাইন এসব কথা বলেন।

তিনি আরও বলেন, বাংলাদেশ জামায়াতে ইসলামি সারা দেশে ৩০০ আসনে নির্বাচনের ঘোষণা দিয়েছে এবং নিরবচ্ছিন্নভাবে আমরা গত কয়েক মাস ধরে জনসাধারণের কাছে আমাদের প্রার্থীদের পরিচয় করিয়ে দেওয়ার চেষ্টা করছি। নির্বাচনী প্রচার ও অভিযান বলতে যা বোঝায়, আমরা সেই অভিযানে লিপ্ত আছি এবং আমাদের প্রার্থীরা ঘরে ঘরে পৌঁছে গেছে। আজ এখানে আমাদের রোকন সম্মেলন অনুষ্ঠিত হয়েছে, যেখানে অনেক সদস্য উপস্থিত ছিলেন। ইতিমধ্যে তারা ঘরে ঘরে প্রার্থীর পরিচিতি ও ভোট দেওয়ার ব্যাপারে নারীদের অবহিত করেছেন। এটি শুধু মেহেরপুর নয়, সারা বাংলাদেশের চিত্র একই। আমরা আশা করি, আগামী নির্বাচন যদি সুন্দর ও সুস্থ পরিবেশে অনুষ্ঠিত হয়, তাহলে ইনশাআল্লাহ বাংলাদেশ জামায়াতে ইসলামি সরকার গঠনের পর্যায়ে যাবে।

গণভোট নভেম্বরে হবে এটি আমরা সরকারের কাছে এবং বাংলাদেশের বেশিরভাগ রাজনৈতিক দল আহ্বান জানিয়েছি। আপনারা জানেন, বিএনপি-সহ অল্প কয়েকটি রাজনৈতিক দল গণভোটের বিপক্ষে। একই দিনে গণভোটের

অসুবিধাগুলো জাতির সামনে তুলে ধরেছি। আমরা আশা করেছিলাম, সরকার গণভোটের পক্ষে নভেম্বরে রায় দেবে। কিন্তু এখন আমরা দেখলাম, প্রধান উপদেষ্টা ড. ইউনুস গণভোট এবং নির্বাচন একই দিনে করার কথা বলেছেন। আমরা জরুরি ভিত্তিতে আমাদের কেন্দ্রীয় নির্বাহী পরিষদের বৈঠক আহ্বান করব এবং সেই বৈঠকে পর্যালোচনা করে ৮ দলের কমিটির মাধ্যমে সাংবাদিক সম্মেলনে আগামীর পদক্ষেপ জানিয়ে দেব।

মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য পদপ্রার্থী ও জেলা জামায়াতের আমির মাওলানা তাজউদ্দিন খান, গাংনী-২ আসনের মনোনীত সংসদ সদস্য প্রার্থী ও জেলা কর্মপরিষদ ও শুরা কমিটির সদস্য নাজমুল হুদা সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন।

মেহেরপুর রেড ক্রিসেন্ট ইউনিটের দ্বি-বার্ষিক নির্বাচন সম্পন্ন

মেহেরপুর রেড ক্রিসেন্ট ইউনিটের দ্বি-বার্ষিক নির্বাচন সম্পন্ন হয়েছে। নির্বাচনে ভাইস প্রেসিডিন্ট পদে আল আমিন ইসলাম বকুল ও সেক্রেটারি পদে অ্যাড. মারুফ আহমেদ বিজন জয়লাভ করেছেন।

আজ বৃহস্পতিবার মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে সকাল ১১ টা থেকে বিরতীহীন ভাবে ৪টা পর্যন্ত ভোটগ্রহণ চলে। ভোটগণনা শেষে প্রধান নির্বাচন কর্মকর্তা ও মেহেরপুর সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. নজরুল কবির ফলাফল ঘোষণা করেন।
ভাইস প্রেসিডেন্ট পদে আল আমিন ইসলাম বকুল ২৩৬ ভোট পেয়ে বিজয়ী হয়েছেন, প্রতিদ্বন্দী প্রার্থী অ্যাড. নজরুল ইসলাম পেয়েছেন ১০৫ ভোট। সেক্রেটারি পদে অ্যাড. মারুফ আহমেদ বিজন ২৫৬ ভোট পেয়ে বিজয়ী হয়েছেন, তাঁর প্রতিদ্বন্দী প্রার্থী কাজী মিজান মেনন পেয়েছেন ৮৮ ভোট।

বিজয়ী অন্যান্যদের মধ্যে নির্বাহী সদস্য নুর রহমান ২২১ ভোট, একেএম আনোয়ারুল হক কালু ২৫৩ ভোট, মাজাহারুল ইসলাম ২০৯ ভোট,

মো: নজরুল ইসলাম ১৭৭ ভোট এবং সোহেল রানা ১৯৬ ভোট পেয়ে বিজয়ী হয়েছে।
নির্বাচন পরিচালনা কমিটিতে জেলা সমাজসেবা কর্মকর্তা আশাদুল ইসলাম ও আবু তালেব দায়িত্ব পালন করেন। নির্বাচনে ৭টি পদে ১৪ জন প্রতিদ্বন্দীতা করেন।

মেহেরপুর সরকারি মহিলা কলেজে সংস্কৃতি অনুষ্ঠান ও ক্রীড়া প্রতিযোগিতা

দিনব্যাপী কবিতা আবৃত্তি, সংগীত পরিবেশনা ও নানা সাংস্কৃতিক প্রতিযোগিতার মধ্য দিয়ে সমাপ্ত হয়েছে মেহেরপুর সরকারি মহিলা কলেজ আয়োজিত তিন দিনব্যাপী সাহিত্য-সংস্কৃতি ও ক্রীড়া প্রতিযোগিতা।

বৃহস্পতিবার সকালে কলেজ প্রাঙ্গণে পবিত্র ধর্মগ্রন্থ থেকে পাঠ ও জাতীয় সংগীত পরিবেশনার মধ্য দিয়ে অনুষ্ঠানের শুভ উদ্বোধন করেন কলেজের অধ্যক্ষ প্রফেসর আব্দুল ওয়াদুদ।

অনুষ্ঠানে শিক্ষার্থীদের শারীরিক ও মানসিক বিকাশে সংস্কৃতি ও খেলাধুলার গুরুত্ব তুলে ধরে বক্তব্য রাখেন কলেজের উপাধ্যক্ষ প্রফেসর আবদুল্লাহ আল আমিন, প্রফেসর আব্দুল হামিদ ও প্রফেসর কাজী আশরাফুল আলমসহ অন্যান্য শিক্ষকবৃন্দ।

দিনব্যাপী প্রতিযোগিতা শেষে বিভিন্ন ইভেন্টে বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেওয়া হয়। অনুষ্ঠানে কলেজের বিপুলসংখ্যক শিক্ষক-শিক্ষার্থী উপস্থিত ছিলেন।